

## শ্রীশ্রীহরি সঙ্গীত

- ভক্তগণ সঙ্গে ল'য়ে, পুকুর পাড়ে বসিয়ে,  
 প্রেমেতে উন্মত্ত হয়ে, সংকীর্ণনে মেতে গেছে ॥
- ২। শাক্ত শৈব কি সন্ন্যাসী, যোগ ভুলে সব যোগী ঋষি,  
 ঐ প্রেমে ডুবলো আসি, কুলের কি আর কুল আছে।  
 প্রেম সিন্ধুর জোয়ার এসে, পূর্ববঙ্গ গেল ভেসে,  
 কৰ্ম্মী জ্ঞানী দুবল এসে, কৰ্ম্ম ফাঁস কেটে গিয়েছে ॥
- ৩। অগণিত রবি শশী, চরণে পড়েছে খসি,  
 দেখতে পাই রাশি রাশি, পদ নখরে ভাসতেছে।  
 চাঁদ সূর্য্য তমঃ হস্তি, চিত্তের আঁধার না হয় শাস্তি,  
 আজ হইতে ঘুচল ভ্রান্তি, হরিচাঁদ উদয় হয়েছে ॥
- ৪। বেদ পঠিত বিপ্র যারা ঐ প্রেমে ডুবল তারা,  
 নয়নে বহে ধারা, বেদ বিধি ধুয়ে গেছে।  
 দন্ডিতে কৰ্ম্মী জ্ঞানী, এসেছে ঠাকুর মগি,  
 ডুবিল যত ধনী মানী, কুলের গৌরব আর কি আছে ॥
- ৫। হরিচাঁদে পাবার লাগি, গোলোকচাঁদ হ'ল বিরাগী,  
 হীরামন সৰ্ব্বত্যাগী, চাঁদ বলে সে কাঁদতেছে।  
 তারকচাঁদ চকোর হ'য়ে সে চাঁদের সুখা পিয়ে,  
 ওগো বিষয় মদে মত্ত হয়ে অশ্বিনী ভুলে রয়েছে ॥

### ১৫৮ নং গান, তাল-একতালা

- ওগো শ্রীধাম মন্দিরে উচ্চৈশ্বরে সবে করে সংকীর্ণন।  
 ওগো ভক্তের সঙ্গে, মন রঙ্গে, প্রেম রসেতে হয়ে মগন ॥
- ১। হরিচাঁদের রূপ দর্শনে, ধারা বহে দু'নয়নে,  
 শিব নেত্র কোন জনে, কেহবা ধারায় পতন ॥
- ২। কহবা পড়েছে ঢ'লে, কেহবা ধরে তোলে,  
 মুখে হরি হরি বলে, ভেসে যায় গৌসাই হীরামন ॥